## ২০২৫

## বাংলা — এম. ডি. সি.

### চতুর্থ সেমেস্টার

### পত্র : MN-2

### (বর্ণনামূলক ভাষাবিজ্ঞান ও বাংলা ভাষা-১)

### পূর্ণমান - ৭৫

*প্রান্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।*
*উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়।*

১। (ক) উচ্চারণস্থান অনুযায়ী বাংলা স্বরধ্বনিগুলির বর্গীকরণ করো। ৭+৮

*অথবা*

(খ) বাংলা ভাষার সমৃদ্ধিতে শব্দভাণ্ডারের গুরুত্ব নিরূপণ করো। বাংলা শব্দভাণ্ডারের সামগ্রিক পরিচয় দাও। ৩+১২

২। (ক) শব্দার্থ পরিবর্তনের কয়টি ধারা? প্রতিটি ধারার উদাহরণ সহযোগে পরিচয় দাও। ১৫

*অথবা*

(খ) উপভাষা কাকে বলে? বাংলা উপভাষা কয়টি ও কী কী? যে-কোনো একটি উপভাষার অঞ্চল নির্দেশ ক'রে ধ্বনিতাত্ত্বিক বৈশিষ্ট্য আলোচনা করো। ২+৩+১০

৩। (ক) বাংলা ব্যাকরণে লিঙ্গ কয়প্রকার ও কী কী? যে-কোনো দুটি প্রকারভেদ সম্পর্কে উদাহরণসহ আলোচনা করো। ২+৩+১০

*অথবা*

(খ) কারক কাকে বলে? কারক কয়প্রকার ও কী কী? করণ কারকের সংজ্ঞা ও প্রকারভেদগুলির পরিচয় দাও। ২+৩+১০

৪। (ক) সংজ্ঞা ও উদাহরণসহ ধ্বনি ও বর্ণের পারস্পরিক সম্পর্ক নির্ণয় করো। ৫

*অথবা*

(খ) টীকা লেখো— স্পর্শব্যঞ্জন। ৫

৫। (ক) সংজ্ঞাসহ সমীভবনের পূর্ণাঙ্গ পরিচয় দাও। ৫

*অথবা*

(খ) উদাহরণ সহযোগে শব্দার্থ পরিবর্তনের দুটি স্থূল কারণ সম্পর্কে আলোচনা করো। ৫

৬। যে-কোনো ***একটি*** বিষয় নিয়ে আলোচনা করো—

(ক) উদাহরণসহ বাংলা ক্রিয়ার যৌগিক কালের পাঁচটি রূপের উল্লেখ করো। ৫

(খ) বাংলা ব্যাকরণে পুরুষ কয়প্রকার ও কী কী? উদাহরণসহ বিভিন্ন প্রকারের পরিচয় দাও। ২+৩

৭। সংক্ষেপে পূর্ণবাক্যে উত্তর দাও। ১×১৫

(ক) সংবৃত স্বরধ্বনি কোনগুলি?

(খ) দ্বি-স্বরধ্বনি কীভাবে তৈরি হয়?

(গ) 'ল' বর্ণের বৈশিষ্ট্য লেখো।

(ঘ) 'কেত্তন', 'পিদিম' কোন শ্রেণির শব্দ?

(ঙ) দু'টি সংকরশব্দের উল্লেখ করো।

(চ) বাংলা 'দাম' শব্দটির উৎস ও বিবর্তন সম্পর্কে লেখো।

(ছ) বাংলা শব্দভাণ্ডারে গৃহীত দুটি ওলন্দাজ শব্দের উল্লেখ করো।

(জ) বর্ণলোপ কাকে বলে?

(ঝ) 'মৃগ' শব্দের পরিবর্তন ও তার ধারাটির উল্লেখ করো।

(ঞ) 'ও' এর 'অ' ধ্বনিতে রূপান্তর কোন্ উপভাষার বৈশিষ্ট্য?

(ট) কামরূপী উপভাষা কোন জেলায় শুনতে পাওয়া যায়?

(ঠ) ঘুগনি কোন ভাষা থেকে এসেছে?

(ড) 'বিদ্যাসাগর' শব্দে কয়টি দল আছে?

(ঢ) 'রচয়িতা' শব্দের স্ত্রীলিঙ্গ কী?

(ণ) বৃষ্টি পড়ে <u>টুপটাপ</u>। নিম্নরেখ শব্দটি কোন শ্রেণির অব্যয়?

———————